উপজেলা পরিষদ কার্যালয়

লাকসাম, কুমিল্লা

জানুয়ারী ২০২১ মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২০তম সভার) সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ ইউনুছ ভূঁইয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা |
| সভার তারিখ | : ২৮/০১/২০২১ খ্রি. |
| সময় | : বেলা ১১:৩০ ঘটিকা |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, লাকসাম, কুমিল্লা। |

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।**

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে ২৮ জানুয়ারী ২০২১ খ্রি. মাসে অনুষ্ঠিত লাকসাম উপজেলা পরিষদের মাসিক (৫ম উপজেলা পরিষদের ২০ তম সভার ) সভার কাজ শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লাকে অনুরোধ করেন । উপজেলা নির্বাহী অফিসার অত:পর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা করেন।

আলোচ্যসূচি-১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ- উপজেলা নির্বাহী অফিসার পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কারও কোন আপত্তি না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্যসূচি-২ঃ গত সভায় গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | গত সভায় গৃহিত সিদ্ধান্ত সমূহের অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। গৃহীত সিদ্ধান্ত সমূহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়ন করায় সভার পক্ষ থেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। | ভবিষ্যতে উপজেলা পরিষদের সকল সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্য সূচী-৩ ঃ কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৩.১ | গত সভায় কমিটি কর্তৃক সুপারিশকৃত সকল বিষয়াদির বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কমিটির সুপারিশ গুলো বাস্তবায়ন সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করা হয়। | ১। ভবিষ্যতেও কমিটি কর্তৃক সুপারিশকৃত বিষয়াদির বাস্তবায়নের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৪ ঃ মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৪.১ | মাননীয় উপদেষ্টা জনাব মোঃ তাজুল ইসলাম এমপি ও এলজিআরডি মন্ত্রী মহোদয়ের পরামর্শ সমূহ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ সর্বসম্মতভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ সমূহ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার সহ সকল অফিসার, লাকসাম, কুমিল্লা।<br>২। সকল ইউপি চেয়ারম্যান, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্য সূচী-৫ ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আয়-ব্যয়ের হিসাব :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২০-২০২১ অর্থ বছরের ডিসেম্বর-২০২০ মাসের আয়-ব্যয়ের হিসাব সভায় উপস্থাপন করেন।<br>**ডিসেম্বর ২০২০ আয় অংশ :**<br>(ক) অবশিষ্ট স্থিতি = ১২,৮৯,৪৩৭/-<br>(খ) ভূমি উন্নয়ন কর : ২০,৯১৫/-<br>(গ) বাসা ভাড়া বাবদ : ১৭,৬৪৮/-<br>(ঘ) সাব রেজিস্ট্রি অফিস হতে স্থাবর সম্পত্তি হস্তান্তর কর : ১৭,৬৩,১৬১/-<br>মোট আয়= ৩০,৯১,১৬১/-<br><br>**ডিসেম্বর ২০২০ ব্যয় অংশ :**<br>ক) উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বেতন ভাতা = ৯৪,০০০/-<br>(খ)উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন =২৪,৮০০/-<br>(গ)আপ্যায়ন ব্যয় বাবদ = ৩০,০০০/-<br>(ঘ)আনুষাংগিক ব্যয় বাবদ = ৫,০০০/-<br>(ঙ) উপজেলা পরিষদ সিসি ক্যামেরা ক্রয় বাবদ = ১৫,১৮০/-<br>(চ) বৃক্ষ রোপনের গাছ বিক্রির লভ্যাংশ বাবদ মোঃ আবু হানিফকে প্রদান = ৬২,৪০০/-<br>মোট ব্যয়=২,৩০,৫৮০/-<br>অবশিষ্ট স্থিতি = ২৮,৬০,৫৮১/-<br>(আটাশ লক্ষ ষাট হাজার পাঁচশত একাশি টাকা) | ১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক উথাপিত আয়-ব্যয়ের হিসাব নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উক্ত আয়-ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা। |

আলোচ্যসূচি-৬ ঃ সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র অবহিত করণ :-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৬.১ | উপজেলা নির্বাহী অফিসার ও মূখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা সভায় জানুয়ারী ২০২১ খ্রি. মাসে বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্রসমূহ সভায় উপস্থাপন করেন। | ১। সরকারী আইন, চিঠি, প্রজ্ঞাপন ও পরিপত্র মোতাবেক কার্যক্রম গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |

আলোচ্যসূচি-৭ ঃ বিভাগীয় আলোচনা:-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭.১ | কৃষি অফিস ঃ- উপজেলা কৃষি অফিসার, লাকসাম বলেন যে, পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল বাজারজাতকরণের সুবিধা প্রদানের লক্ষ্যে কৃষকের বাজার প্রতিষ্ঠা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। কৃষকের বাজার প্রতিষ্ঠা করলে ভোক্তা সহজে নিরাপদ এবং বিষমুক্ত সবজি ক্রয় করতে পারবে। এতে চাষীর নিরাপদ ও বিষমুক্ত ফসলের মূল্য নিশ্চিত হবে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে কৃষকের বাজার প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে উপজেলা কৃষি অফিসার লাকসামকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| | খ) তিনি বলেন তার দপ্তরে কর্মকর্তা বসার স্থান আছে কিন্তু মালামাল রাখার কোন গোডাউন নাই। তাই জরুরী ভিত্তিতে একটি গোডাউন বরাদ্দ দেওয়ার জন্য উপজেলা পরিষদের নিকট অনুরোধ জানান। | খ) গোডাউন/রুম খালি থাকা সাপেক্ষে বরাদ্দ দেওয়া হবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকৌশলী লাকসাম |
| | গ) তিনি আরো জানান ৪১৫০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার প্রদান করা হয়েছে। উপকার ভোগীদের মাধ্যমে যেন ফসলের আবাদ নিশ্চিত হয় সেজন্য তিনি ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। | গ) ফসলের আবাদ নিশ্চিতে ইউনিয়ন চেয়ারম্যানদেরকে সহায়তার জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.২ | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম বলেন করোনা মহামারীতে লাকসামের অবস্থা ভালো। কোভিড -১৯ ভ্যাকসিন প্রদানের জন্য তালিকা করা হচ্ছে। আগামী মাস থেকে ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে। কোভিড-১৯ ভ্যাকসিন কমিটির মাধ্যমে ভ্যাকসিন প্রদান কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন করা হবে। ভ্যাকসিন সংরক্ষণের জন্য সার্বক্ষণিক বিদ্যুৎ প্রয়োজন এজন্য তিনি বিদ্যুৎ বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাস মোকাবেলায় ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৩ | **উপজেলা প্রকোশলী অফিস:**ক) চলতি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে ১ম কিস্তির ও ২য় কিস্তির থোক বরাদ্দ বাবদ ৩৫.৪৩ লক্ষ টাকা পাওয়া গেছে। সম্ভাব্য বরাদ্দ প্রাপ্তি বিবেচনায় উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নের জন্য সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ সর্বমোট ৬৫.৯৪ লক্ষ টাকার স্কিম দাখিল করেছেন যা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক বাস্তবায়নের সুপারিশ করা হয়েছে। অদ্যকার সভায় স্কিমসমূহ বাস্তবায়নের অনুমোদন প্রদান করা যেতে পারে। | ক) প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত (পরিশিষ্ট-খ তে সংযুক্ত) স্কিমসমূহ বাস্তবায়নের জন্য অনুমোদন প্রদান করা হলো। অনুমোদিত স্কিমসমূহ (পিআইসি ও কোটেশান ব্যতিত) ই-জিপি এর মাধ্যমে সীমিত দরপত্র পদ্ধতিতে বাস্তবায়ন করতে হবে। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ দরপত্র আহবান, চুক্তি | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। উপজেলা প্রকৌশলী লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| | খ) উপজেলা পরিষদের আওতায় দরপত্র প্রক্রিয়া (পিআইসি ও কোটেশান ব্যতিত) ই-জিপি এর মাধ্যমে সম্পাদন করা হয়। উপজেলা পরিষদ (চুক্তি সম্পাদন) বিধিমালা, ২০১০ এর বিধি-৫ অনুযায়ী ১ লক্ষ টাকা মূল্যমানের দরপত্র, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এককভাবে অনুমোদন করতে পারেন এবং ইহার অধিক মূল্যমানের দরপত্রের ক্ষেত্রে পরিষদ সভায় উপস্থাপন তথা অনুমোদন গ্রহণের বিধান রয়েছে। ই-জিপি এর মাধ্যমে দরপত্র প্রক্রিয়াকরণে চেয়ারম্যান, উপজেলা পরিষদ HOPE হিসেবে দায়িত্ব পালন করেন। এখানে পরিষদের জন্য কোন আইডি রাখা হয়নি। দরপত্র প্রক্রিয়ায় সময় সাশ্রয়ের জন্য এ বিষয়ে পরিষদ সভায় সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন।<br>খ) উপজেলা পরিষদের রাজস্ব ও উন্নয়ন তহবিলের আওতায় আহবানকৃত সকল মূল্যমানের দরপত্র অনুমোদনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ কে ক্ষমতা অর্পণ করা হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>৩। উপজেলা প্রকৌশলী লাকসাম। |
| | গ) উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) হতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন নির্মাণের অনুমোদন পাওয়া গেছে। পুরাতন ভবন অপসারণপূর্বক তদস্থলে নতুন ভবন নির্মাণ করতে হবে। এ জন্য উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জন্য নির্ধারিত বাসা প্রয়োজনীয় মেরামত করে সেখানে সাময়িকভাবে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন হিসেবে ব্যবহারের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। বর্ণিত কাজের জন্য নির্দেশনা/চাহিদা মোতাবেক ৫,৯৮,৫০০.০০ টাকার প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। এছাড়া বাসভবনের ভিতর উপজেলা নির্বাহী অফিসারের সান্ধ্যকালীন অফিস তৈরী ও উপজেলা পরিষদের পুরাতন ভবনের টয়লেট সংস্কারের জন্য নির্দেশনা/চাহিদা মোতাবেক ৩,৯৫,০০০.০০ টাকার প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের ভবন ও বাসাবাড়ি মেরামতের জন্য অর্থ বছরে সর্বোচ্চ ১০.০০ লক্ষ টাকা ব্যয় করা যাবে মর্মে উল্লেখ আছে। সার্বিক বিবেচনায় প্রণীত প্রাক্কলন অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। | গ) প্রণীত প্রাক্কলনদ্বয় অনুমোদন করা হলো। কাজগুলো RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করতে হবে। স্কিম বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী পিই হিসেবে দায়িত্ব পালনসহ দরপত্র আহবান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন করবেন। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>৩। উপজেলা প্রকৌশলী লাকসাম। |
| | ঘ) লাকসাম হাউজিং এস্টেটে বিদ্যালয় ও বাণিজ্যিক ভবন কাজ কমিউনিটি সেন্টার নির্মাণের জন্য জায়গা সংরক্ষিত আছে। বিদ্যালয় ভবন নির্মাণের জন্য সংরক্ষিত স্থানে মানসম্মত বিদ্যালয় এবং বর্তমানে লাকসামে কমিউনিটি সেন্টার প্রয়োজন না থাকায় বাণিজ্যিক ভবন কাম কমিউনিটি সেন্টার নির্মাণের জন্য সংরক্ষিত স্থানে বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণের জন্য মাননীয় মন্ত্রী মহোদয় সানুগ্রহ নির্দেশনা প্রদান করেছেন মর্মে চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় সভা কে অবহিত করেছেন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। | ঘ) লাকসাম হাউজিং এস্টেটে বিদ্যালয় ও ভবন সংরক্ষিত স্থানে মানসম্মত বিদ্যালয় এবং বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণের সিদ্ধান্ত গৃহিত হলো। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা প্রকৌশলী লাকসাম। |

| | | | |
|---|---|---|---|
| | ঙ) এলজিইডি কর্তৃক গাজীপুর জেলায় নির্মাণ দক্ষতা প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। উক্ত কেন্দ্রে রাজমিস্ত্রী, রডমিস্ত্রী ও টাইলস মিস্ত্রী প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। প্রশিক্ষণের কেন্দ্রের জন্য অত্র উপজেলা হতে প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো। | ঙ) এ বিষয়ে প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের তালিকা তালিকা জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী লাকসাম।<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.৪ | **উপজেলা মৎস্য অফিস** ঃ সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, লাকসাম বলেন জেলে নিবন্ধন ও পরিচয় প্রদান কমিটির রেজুলেশন অনুসারে পৌরসভার মেয়র এবং ইউপি চেয়ারম্যানবৃন্দকে জেলেদের প্রাথমিক তথ্য প্রদানের অনুরোধ জানিয়ে চিঠি প্রদান করা হয়েছে। চিঠির আলোকে জেলেদের তথ্য প্রদানের জন্য অনুরোধ জানান।<br>তেলিখাড়া, সিআইজি মৎস্য সমবায় সমিতিকে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও অন্যান্যদের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে পিকআপ ভ্যান হস্তান্তর করা হবে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রেরিত চিঠির আলোকে পৌরসভার মেয়র ও ইউনিয়ন চেয়ারম্যানবৃন্দকে জেলেদের প্রাথমিক তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম<br>২। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, লাকসাম।<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.৫ | **উপজেলা শিক্ষা অফিস** ঃ উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম বলেন উপজেলা শিক্ষা অফিসের সকল কার্যক্রম নিয়ম অনুসারে স্বাভাবিকভাবে চলমান রয়েছে। উপবৃত্তির টাকা শিউর ক্যাশের পরিবর্তে নগদ পোর্টালে দেওয়া হবে বিধায় আমাদের কার্যক্রম সম্পন্ন হয়েছে। তবে বিভিন্ন বিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্ম-নিবন্ধন না থাকায় তাদেরকে নগদ পোর্টালে অন্তর্ভূক্ত করা যায়নি। এব্যাপারে সকল ইউপি চেয়ারম্যানদেরকে শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন করতে সহায়তার জন্য অনুরোধ জানান। জন্ম-নিবন্ধন নেই এমন শিক্ষার্থীদের সংখ্যা নিম্নরূপ-<br>১। বাকই দ: ১৭৮ জন<br>২। মুদাফরগঞ্জ উ: ১৪০ জন<br>৩। কান্দিরপাড় ২৯৫ জন<br>৪। গোবিন্দপুর ১৯৩<br>৫। উত্তরদা ২৪৩<br>৬। আজগরা ৭৮<br>৭। লাকসামপূর্ব ১১৩<br>৮। পৌরসভা ২১৮ জন | সভায় বিস্তারিত আলোচনান্তে লাকসাম পৌরসভার মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দকে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা প্রদানের লক্ষ্যে জন্ম নিবন্ধন করতে সহায়তার জন্য অনুরোধ জানান হয়। | ১। মেয়র, লাকসাম পৌরসভা, লাকসাম<br>২। উপজেলা শিক্ষা অফিসার, লাকসাম।<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৭.৬ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম বলেন করোনা পরিস্থিতির কারণে শিক্ষা প্রতিষ্ঠান ১৭ ফেব্রুয়ারী পর্যন্ত বন্ধ ঘোষণা করা হয়েছে।। ২০২১ সনের স্কুল পর্যায়ের সকল বই আমরা পেয়েছি এবং সকল বই যথাসময়ে বিতরণ সম্পন্ন করা হয়েছে। তবে মাদ্রাসার ৭ম এবং ৯ম শ্রেণির কিছু বই আমরা এখনো পাইনি। প্রতিদিনই কিছু কিছু বই আসছে। আসার সাথে সাথে আমরা শিক্ষা প্রতিষ্ঠানে পৌছে দিচ্ছি। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনা করে স্বাস্থ্যবিধি মেনে শিক্ষাপ্রতিষ্ঠান খুলে দেয়ার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় থেকে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণকে কিছু নির্দেশনা | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলার জন্য প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহণের মনিটরিং এর জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসামকে বলা হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লাকসাম, কুমিল্লা। |

| | | | |
|---|---|---|---|
| | প্রদান করা হয়েছে। গত ২৭/০১/২০২১ তারিখে শিক্ষাপ্রতিষ্ঠান প্রধানগণের সাথে মতবিনিময় করে প্রস্তুতির আপডেট নেওয়া হয়। স্বাস্থ্যবিধি মানার বিষয়ে আলাদা আলাদাভাবে ম্যানেজিং কমিটি, শিক্ষক, অভিভাবকগণের সাথে সভা করে সার্বিক প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | | |
| ৭.৭ | **উপজেলা সমাজসেবা অফিস** ঃউপজেলা সমাজসেবা অফিসার, লাকসাম বলেন লাকসাম উপজেলায় ১৪১২৯টি বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীর মধ্যে আজ পর্যন্ত ১৩,৫৭২টি ডাটা এন্ট্রি সম্পন্ন হয়েছে। বাকী রয়েছে ৫৫৭টি। যেগুলোইউনিয়ন কমিটিকে রেজুলেশন করে প্রতিস্থাপন (যদি কম বয়স/মৃত হয়) করার জন্য জানানো হয় আগামী ১ ফেব্রুয়ারীর মধ্যে।<br><br>তিনি আরো জানান অক্ষম ব্যক্তিদের ভাতা উত্তোলনের ক্ষেত্রে নমিনি কর্তৃক ইউপি চেয়ারম্যান মহোদয় থেকে প্রত্যয়ন পত্র নিয়ে সমাজসেবা অফিসারের কাছে জমা দেওয়া পরবর্তী সমাজসেবা অফিসার ব্যাংক কর্তৃপক্ষের সাথে সমন্বয়ের মাধ্যমে ব্যাংক প্রতিনিধি মারফত অথবা সমাজসেবা কার্যালয়ের প্রতিনিধি মারফত সংশ্লিষ্ট অক্ষম ব্যক্তির নিকট পৌছানোর জন্য বলেন। নির্দিষ্ট সময়ের মধ্যে ডাটা এন্ট্রি শতভাগ সম্পন্ন করায় বাকই দ: ইউপি চেয়ারম্যান মহোদয়কে ধন্যবাদ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে বাকী ডাটা এন্ট্রির কাজ সম্পন্ন করতে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয় এবং অক্ষম ব্যক্তিদের ভাতা উত্তোলনের জন্য সমাজ সেবা অফিসার এবং সংশ্লিষ্ট চেয়ারম্যানদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার লাকসাম<br>২। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ৭.৮ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম বলেন জানুয়ারী ২০২১ থেকে মার্চ ২০২১ খ্রি. পর্যন্ত মাসের (১০ তম ব্যাচ) ০২ টা ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। ২০২১-২২ ভিজিডি চক্রের জানুয়ারী ২০২১ মাসের খাদ্য অর্পনাদেশ (ডিও) প্রদান করা হয়েছে। এছাড়া অত্রাফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ভিজিডি কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, লাকসাম, কুমিল্লা। |
| ৭.৯ | **উপজেলা খাদ্য অফিস ঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম বলেন বর্তমানে উপজেলা খাদ্য অফিসে ৭১৪ মে.টন চাল এবং ৮ মে.টন গম মজুদ আছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে খাদ্য অফিসের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লাকসাম, কুমিল্লা। |
| ৭.১০ | **উপজেলা ক্ষুদ্র সেচ অফিস (বিএডিসি)ঃ**<br>উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) লাকসাম, বলেন উত্তরদা ইউনিয়নে নলুয়া খাল ৩ কি.মি. পুনঃখননের কাজ শেষ হয়েছে এবং মুদাফরগঞ্জ উত্তর ইউনিয়নে ৫ কি.মি. খনন কাজ চলমান রয়েছে। তিনি আরো জানান আগামী অর্থ বছরের জন্য খাল পুনখননের তালিকা দেওয়ার জন্য চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান খাল খননের কার্যক্রম সহকারী কমিশনার (ভূমি) লাকসামের সাথে সমন্বয়পূর্বক রেকর্ডপত্র যাচাইক্রমে মনিটরিং করার জন্য উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) লাকসামকে বলা হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) লাকসাম |

| | | | |
|---|---|---|---|
| ৭.১১ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :**<br>ক) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী বরাদ্দপ্রাপ্ত ২৫,৫১,৪৪৬/৬৯ টাকার বিপরীতে গৃহীত ৯টি প্রকল্পের ৮০% কাজ এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা)কর্মসূচির নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় বরাদ্দ প্রাপ্ত ৩৫,৯৩,৭৬১/- টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ১৩টি প্রকল্পের ৭০% কাজ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । | ক) প্রকল্প সমূহের ১০০%কাজ আগামী ১২/০২/২০২১খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করে শেষ কিস্তির টাকা উত্তোলনের চাহিদা পত্র দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | খ) ২০২০-২০২১অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-১ম পর্যায় নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে ০৮টি ইউনিয়নে গৃহীত ২৬টি প্রকল্পের ৭৫% কাজ এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ(টিআর)কর্মসূচির নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৪,৭৮,৮৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ৩৬টি প্রকল্পের ৭০% কাজ ইতিমধ্যে সম্পন্ন করা হয়েছে । | খ) প্রকল্প সমূহের ১০০%কাজ আগামী ১২/০২/২০২১খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | গ) ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৮,৭৪,২৬১/৭৯ টাকার বিপরীতে গৃহীত ১০টি প্রকল্পের তালিকা এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৬,৩৯,৯৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৪টি প্রকল্পের তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা গ্রামীন অবকাঠামো সংস্কার কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। | গ) বরাদ্দকৃত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের কাজ আরম্ভ করার নিমিত্ত জরুরী ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২।উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |
| | ঘ) ২০২০-২০২১অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ)-২য় পর্যায় নন-সোলার খাতে উপজেলা পরিষদওয়ারী ১৫,৩৯,৫৪৪/২১ টাকার বিপরীতে গৃহীত ২৬টি প্রকল্পের তালিকা এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) নির্বাচনী এলাকা ভিত্তিক ২য় পর্যায় বরাদ্দ প্রাপ্ত ২৪,৭৮,৮৩৩/-টাকার বিপরীতে মাননীয় মন্ত্রী মহোদয়ের নিকট হতে প্রাপ্ত ০৮টি ইউনিয়নে গৃহীত ৩২টি প্রকল্পের তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমিটির নিকট প্রেরণ করা হয়েছে। | ঘ) বরাদ্দকৃত টাকার মাধ্যমে গৃহীত প্রকল্প সমূহের কাজ আরম্ভ করার নিমিত্ত জরুরী ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিলের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

| | | | |
|---|---|---|---|
| | ঙ) ২০১৮-২০১৯ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১৬টি ব্রীজ নির্মাণ কাজের জন্য ২,৭৮,৬০,২৩০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। গৃহীত প্রকল্প সমূহের মধ্যে ১২টি প্রকল্পের ১০০% কাজ সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে। অবশিষ্ট ০৪টি ব্রীজের মধ্যে ০১টি ব্রীজের নির্মাণ কাজ ১০০% এবং অবশিষ্ট ০৩টি প্রকল্পের কাজ গড়ে ৩০% সম্পন্ন হয়েছে।<br><br>চ) ৬নং উত্তরদা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সভাকে জানান যে কাবিটা/টিআর প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিগণের অনুকূলে প্রতি কিস্তিতে Ibass++ পদ্ধতিতে অর্থ ছাড় নির্ধারিত সময়ে হয় না। তাছাড়া নিয়মিত হিসাবরক্ষণ অফিসার পদায়ন না থাকায় প্রকল্প সভাপতিগণের বরাবরে অর্থ ছাড়করণে বিলম্ব হয়। তাই যথাসময়ে প্রকল্পের কাজ সম্পন্ন করা এবং শ্রমিকের মজুরী সঠিক সময়ে পরিশোধ করা সম্ভব হয় না। উক্ত সমস্যা সমাধাণের নিমিত্ত ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-সাধারণ ও নির্বাচনী এলাকা ভিত্তিক) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-সাধারণ-নির্বাচনী এলাকা ভিত্তিক)কর্মসূচির আওতায় ২য় পর্যায় হতে গৃহীত প্রকল্প সমূহের কাজের জন্য বরাদ্দকৃত টাকা লেনদেনের সুবিধার্থে কাবিটা ও টিআর খাতের ব্যাংক চেকের মাধ্যমে বিল প্রদানের প্রস্তাব করেন। | ঙ) অবশিষ্ট ০৩টি ব্রীজের নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে সম্পন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>চ) এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনার পর লেনদেন ও নির্ধারিত সময়ের মধ্যে কাবিটা/টিআর প্রকল্পের কাজ সম্পন্ন করার সুবিধার্থে কাবিটা ও টিআর খাতে আলাদা আলাদা হিসাব খোলে উক্ত হিসাবে ট্রেজারী বিলের মাধ্যমে টাকা স্থানান্তর করে প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিগণের অনুকূলে চেকের মাধ্যমে টাকা প্রদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা লাকসাম।<br>৩। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান।<br><br>১। উপজেলা নির্বাহী অফিসার লাকসাম।<br>২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম।<br>৩। সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান। |

আলোচ্য সূচী-৮ ঃ ইউপি সমস্যা (যদি থাকে) সংক্রান্ত আলোচনা ঃ

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮.১ | **উত্তরদা ইউপি সংক্রান্ত আলোচনা** : চেয়ারম্যান, উত্তরদা ইউনিয়ন পরিষদ, লাকসাম বলেন উত্তরদা ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ইউনিয়ন ভূমি অফিস ইউনিয়ন পরিষদের নিকটবর্তী হলে জনগণ সহজে সেবা পাবে এজন্য তিনি ইউনিয়ন ভূমি অফিস ইউনিয়ন পরিষদ সংলগ্ন করার জন্য বলেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উত্তরদা ইউনিয়নের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান উত্তরদা ইউনিয়ন পরিষদকে বলা হয় এবং ইউনিয়ন ভূমি অফিস বিধি মোতাবেক নির্মাণ হবে বলে জানানো হয়। | ১। চেয়ারম্যান, উত্তরদা ইউনিয়ন পরিষদ |
| ৮.২ | **বাকই দক্ষিণ ইউপি সংক্রান্ত আলোচনা** : চেয়ারম্যান, বাকই দক্ষিণ ইউনিয়ন পরিষদ বলেন, বর্তমানে ইউনিয়ন পরিষদে বহুমূখী কাজ হয়। সচিব ছাড়া দাপ্তরিক কাজ প্রতিনিয়ত ব্যাহত হচ্ছে। তাই একজন সচিব পদায়নের জন্য তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে এবিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ রাখার জন্য চেয়ারম্যান, বাকই দক্ষিণ ইউনিয়ন পরিষদকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, বাকই দক্ষিণ ইউনিয়ন পরিষদ |
| ৮.৩ | **গোবিন্দপুর ইউপি সংক্রান্ত আলোচনা ঃ** চেয়ারম্যান গোবিন্দপুর ইউনিয়ন পরিষদ বলেন, মনোরোম পরিবেশে মাসিক সভা আয়োজনের জন্য উপজেলা প্রশাসনকে ধন্যবাদ জানান। তিনি আরো জানান সরকার ভূমিহীন ও গৃহহীনদের খাস জমিতে ঘর তৈরি করে দিচ্ছে। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাসহ ভাটবাড়িয়া মৌজায় ৪৫-৬০ শতক খাস জমি বের করা হয়েছে। সেগুলো যাছাই বাছাইয়ের পর ভরাট করা যেতে পারে। | সভায় বিস্তারিত আলোচনান্তে নিজ উদ্যোগে খাস জমি উদ্ধার করে দিলে ভূমিহীনদের পূণর্বাসনের লক্ষ্যে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ভরাট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম |

আলোচ্য সূচী- ঃ ৯ ঃ বিবিধ আলোচনা ঃ-

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯.১ | **ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসামঃ** ভাইস চেয়ারম্যান বলেন আগামী ০৭ ফেব্রুয়ারি হতে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম শুরু হবে এবং লাকসাম উপজেলায় উক্ত কার্যক্রম যেন সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন করা হয় এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় এলজিআরডি মন্ত্রী মহোদয়ের বরাত দিয়ে তিনি আরো বলেন, লাকসাম উপজেলা উন্নয়নের জন্য তিনি প্রাণপণ চেষ্টা করে যাচ্ছেন, তবে তা আপনারাই (কর্মকর্তা ও জনপ্রতিনিধি) সমন্বিত কাজের মাধ্যমে তা বাস্তবায়ন করবেন। | বিস্তারিত আলোচনান্তে লাকসাম উপজেলা উন্নয়নে কর্মকর্তা ও জনপ্রতিনিধি একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,<br>২। কর্মকর্তা (সকল)<br>৩। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| ৯.২ | **উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তার বক্তব্যঃ** উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা বলেন<br>১। মুজিব শতবর্ষে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য গৃহ নির্মাণের আওতায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ০৪ জানুয়ারী ২০২১ তারিখের ১১নং স্মারকে লাকসাম উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ভূমিহীন ও গৃহহীনদের জন্য ০৩টি গৃহ নির্মাণের জন্য নির্দেশনা আসে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | ১। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল হতে ভূমিহীন ও গৃহহীনদেরকে ০৩ টি ঘর সুবিধাজনক সময়ে নির্মাণ করে দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম<br>২। প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, লাকসাম |
| | ২। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ৩০ডিসেম্বর ২০২০ তারিখের ১০৩৭ নং স্মারকে স্থানীয় সরকার বিভাগের সাথে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারকে Establishing Digital Connectivity (EDC) শীর্ষক প্রকল্পের অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক নবনির্মিত সকল উপজেলা কমপ্লেক্স ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ করে ৫ম/৬ষ্ঠ তলায় ৪০০০(চার হাজার) বর্গফুট ফ্লোর এরিয়া ব্যবহার করে একটি উপজেলা নেটওয়ার্ক সুইচরুম, উপজেলা নেটওয়ার্ক অপারেশন সেন্টার, উপজেলা আইসিটি সার্ভিস ডেস্ক, উপজেলা আইসিটি ট্রেনিং ল্যাব ও একটি আইসিটি হাব নির্মাণ করা হবে। | ২। সভায় বিস্তারিত আলোচনান্তে নতুন উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণের পর এবিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা প্রকৌশলী |
| | ৩। মন্ত্রি পরিষদ বিভাগ এর সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ০৫/০১/২০২১খ্রি. তারিখের ০০৬ নং স্মারকে জন্ম মৃত্যুর নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জন্ম -মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮এর ১৭এবং ১৮ বিধির নির্দেশনা অনুযায়ী জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়সমূহ উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে এজেন্ডা হিসেবে অন্তর্ভূক্ত করার নির্দেশনা এসেছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৩। বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ সচিব বিভাগের রেজিস্ট্রেশন অধিশাখার নির্দেশনা মোতাবেক জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়সমূহ উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটিতে এজেন্ডা হিসেবে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া জন্ম-মৃত্যু নিবন্ধন লক্ষ্যমাত্রা অর্জনের জন্য পৌরসভার মেয়র ও সচিব এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবদেরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয় | ১। মেয়র, লাকসাম পৌরসভা,<br>২। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ<br>৩। সচিব, লাকসাম পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | ৪। "বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন-২০২১" উদযাপনে কুমিল্লা জেলা ও উপজেলা ২০,০০০ জন প্রতিযোগী লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। উপজেলা পর্যায়ে ১০০০ জন প্রতিযোগী নির্ধারণ করা হয়েছে। প্রতিযোগীদের অনলাইনে নাম রেজিস্ট্রেশন করতে হবে। জেলা পর্যায়ে শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স হতে ম্যারাথন প্রতিযোগিতা শুরু হয়ে বিবির বাজার সীমান্তে শেষ হবে। সে প্রেক্ষিতে লাকসাম উপজেলায় অনুরুপ প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে ম্যারাথন প্রতিযোগিতা আয়োজনের জন্য অনলাইনে নাম রেজিস্ট্রেশনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং উপজেলা স্কাউট লিডারকে অনুরোধ জানান হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার লাকসাম<br>২। উপজেলা স্কাউট লিডার, লাকসাম |
| | ৫। প্রতিবছরের ন্যায় ১৪২৮ বাংলা সনের হাট-বাজার ইজারা প্রদানের লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানবৃন্দকে ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫। সভায় বিস্তারিত আলোচনান্তে ১৪২৮ বাংলা সনের ইজারাযোগ্য হাট-বাজারের তালিকা প্রাপ্তি সাপেক্ষে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ<br>২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা |
| ৯.৩ | **চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম :** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপজেলা পরিষদ সভা, বলেন সকল কর্মকর্তাকে বাধ্যতামূলক মাসিক সভায় উপস্থিত থাকতে হবে। কোন কর্মকর্তা বিনা অনুমতিতে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।<br>তিনি আরো জানান বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতিতে ভ্যাকসিন আশার আলো। এটা যাতে মানুষের কল্যাণে আসে সেদিকে লক্ষ্য রেখে সকলকে একসাথে কাজ করতে হবে। লাকসাম উপজেলার সকল উন্নয়নের নির্দেশক মাননীয় এলজিআরডি মন্ত্রী মহোদয়ের এলাকায় যাতে ভ্যাকসিন নিয়ে কোন অনিয়ম না হয় সেজন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ দায়িত্বশীল সকলকে একসাথে কাজ করার আহ্বান জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল কর্মকর্তাকে মাসিক সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা এবং জনপ্রতিনিধি একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। মেয়র, লাকসাম পৌরসভা<br>৩। কর্মকর্তা (সকল) লাকসাম<br>৪। চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| | খ) উপজেলা পরিষদের জীপগাড়িটি (কুমিল্লা-ঘ-১১-০১৫৫) ইতোমধ্যে ইঞ্জিন, ওভারহোল ও বিভিন্ন যন্ত্রাংশের কাজ করা হয়েছে। তবে গাড়িটি দীর্ঘদিন ডেন্টিং পেন্টিং না করায় এখন ডেন্টিং পেন্টিং এর কাজ করা জরুরী হয়ে পড়েছে। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি আরো জানান, উপজেলা পরিষদের জীপগাড়িটির রেজিস্ট্রেশনসহ অন্যান্য কাগজপত্র নবায়ন করা প্রয়োজন। | খ) সভায় বিস্তারিত আলোচনান্তে বিধি মোতাবেক উপজেলা রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের জীপগাড়িটির ডেন্টিং পেন্টিং এর কাজ এবং গাড়িটির রেজিস্ট্রেশন ও অন্যান্য কাগজপত্র নবায়ন করার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম<br>২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইউনুছ ভূঁইয়া)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং -০৫.৪২.১৯৭২.০০২.০০.০০২.২০২১- ৫২ (৪০) তারিখ : /০১/২০২১ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি ও মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম।
০৪। জেলাপ্রশাসক, কুমিল্লা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, কুমিল্লা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৭। উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

অনুলিপি অবগতি ও অবগতি কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০৮। উপজেলা ................অফিসার (সকল), লাকসাম, কুমিল্লা।
০৯। চেয়ারম্যান, ......................................ইউনিয়ন পরিষদ (সকল), লাকসাম, কুমিল্লা।
১০। অফিস কপি।

২৮/১/২১
( এ,কে,এম সাইফুল আলম )
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
লাকসাম, কুমিল্লা।